**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নম্বর ০৭

জুলাই ২৩, ২০২৩
তারিখ: ----------------
শ্রাবণ ০৮, ১৪৩০

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**বস্ত্রখাতে সিএমটি (Cut, Make and Trim) পদ্ধতিতে রপ্তানিতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

বস্ত্রখাতে নগদ সহায়তা সংক্রান্ত এফই সার্কুলার নম্বর ২১, তারিখ: নভেম্বর ০৯, ২০১০; এফই সার্কুলার নম্বর ১, তারিখ: জানুয়ারি ০৭, ২০২০ এবং এতদ্‌সংক্রান্ত প্রযোজ্য অপরাপর এফই সার্কুলার/সার্কুলার পত্রের জ্ঞাপিত নির্দেশনা অনুযায়ী ডিউটি ড্র-ব্যাক/বন্ড সুবিধাসহ রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রাপ্য হয়ে থাকে। অপরদিকে এফই সার্কুলার নম্বর ৩৫, তারিখ: আগষ্ট ২৫, ২০২০ ও এতদসংক্রান্ত অপরাপর এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা অনুযায়ী ক্ষুদ্র ও মাঝারি উৎপাদনকারী-রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান সম্পূর্ণ বিদেশি বা দেশি ও বিদেশি উভয় ধরণের সুতা/বস্ত্র ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম ৩০% (এফই সার্কুলার নম্বর ০৮, তারিখ: মে ০৯, ২০২২ এর মাধ্যমে ২০% এ পরিবর্তিত) স্থানীয় মূল্য সংযোজনের শর্তে স্থানীয় মূল্য সংযোজনের ওপর নগদ সহায়তা প্রাপ্য হয়ে থাকে।

০২। সরকারি সিদ্ধান্ত অনুসারে এ মর্মে স্পষ্ট করা যাচ্ছে যে, প্রচলিত আমদানি নীতি আদেশে বর্ণিত বিধিবিধান পরিপালন সাপেক্ষে অন-নো-কস্ট ভিত্তিতে উপকরণ সংগ্রহের মাধ্যমে তৈরি পোশাক/বস্ত্রজাত সামগ্রী রপ্তানির বিপরীতে সিএমটি মূল্যের ওপর প্রযোজ্য রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা হিসাবায়নের সুবিধার্থে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণীয় হবে :

(ক) বিদেশ থেকে প্রত্যাবাসিত সিএমটি মূল্যের উপর [জাহাজ ভাড়া (রপ্তানিকারক কর্তৃক নির্বাহ করা হলে), বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্সুরেন্স ইত্যাদি বাদ দিয়ে] নগদ সহায়তা প্রদেয় হবে ;

(খ) অন-নো-কস্ট ভিত্তিতে আমদানিকৃত উপকরণের কাস্টমস কর্তৃপক্ষের মূল্যায়িত মূল্য, রপ্তানিতে ব্যবহৃত ব্যাক-টু-ব্যাক পদ্ধতির আওতায় সংগৃহীত অন্যান্য উপকরণ (যদি থাকে)-এর মূল্যের সাথে প্রত্যাবাসিত সিএমটি মূল্য (উপরোল্লিখিত ‘ক’ অনুসারে) যোগ করে রপ্তানি পণ্যের নীট এফওবি মূল্য নির্ণয় করতে হবে ;

(গ) রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রাপ্যতার জন্য স্থানীয় মূল্য সংযোজনের প্রযোজ্য হার বজায় রাখতে হবে। এক্ষেত্রে স্থানীয় মূল্য সংযোজনের হার নিম্নরূপ হবে :

$$\frac{\text{[রপ্তানিতে ব্যবহৃত ব্যাক-টু-ব্যাক পদ্ধতির আওতায় সংগৃহীত স্থানীয় অন্যান্য উপকরণ (যদি থাকে) + সিএমটি মূল্য (উপরোল্লিখিত ‘ক’ অনুসারে)]}}{\text{রপ্তানি পণ্যের নির্ণিত নীট এফওবি মূল্য (উপরোল্লিখিত ‘খ’ অনুসারে)}} \times ১০০$$

বস্ত্রখাতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা সংশ্লিষ্ট সার্কুলারের অন্যান্য প্রযোজ্য নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে উপরোক্ত নির্দেশনা অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩